



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৯১২৪.০৩৫.৪৬.০৬৪.১৫-১০৫৪


তারিখঃ ০৪ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনালের রায় অনুযায়ী নির্বাচিত ঘোষিত প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ০৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এবং ০৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখে প্রাপ্ত ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার আমতৈল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনালের রায় অনুযায়ী নির্বাচিত ঘোষিত প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তির ১৫ (পনের) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, এছাড়া মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক



(মোঃ মিজানুর রহমান)

উপসচিব (চলতি দায়িত্ব)

ফোনঃ ৫৫০০৭৫৬৫

ফ্যাক্স নং-৫৫০০৬৬৭৭

মোবাইলঃ +৮৮-০১৫৫০০৪২০৫৩

mizanr63@yahoo.com

জেলা প্রশাসক
ময়মনসিংহ

নং-১৭.০০.৯১২৪.০৩৫.৪৬.০৬৪.১৫-১০৫৪

তারিখঃ ০৪ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ (০২ কপি)
- ৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ (০৩ কপি) [ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ]
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ (০২ কপি)
- ৬। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ (০২ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)

(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (চলতি দায়িত্ব)

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ৩, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ : ১৯ ভাদ্র ১৪২৬/০৩ সেপ্টেম্বর ২০১৯

নং-১৭.০০.৯১২৪.০৩৫.৪৬.০৬৪.১৫-১০৫২।—মাননীয় আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ ২৭ আগস্ট ২০১৯ তারিখে সিপিএলএ নং-২৩৯৬/২০১৯ infructuous গণ্যে/মর্মে dismissed করায় মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮৮০৭/২০১৯ এর ০৬ আগস্ট ২০১৯ তারিখের আদেশটির কার্যকারিতা বহাল থাকায় নির্বাচনি ট্রাইব্যুনালে দায়েরকৃত মোকদ্দমা নং-৩২/২০১৬ এর ২০ জুন ২০১৯ তারিখের আদেশ অনুযায়ী ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার আমতৈল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে ০৮ নং প্রতিপক্ষের বিজয়ী ঘোষণার ফলাফল বাতিল করে দরখাস্তকারী মোহাম্মদ আবদুল হান্নান-কে বিজয়ী ঘোষণা করায় প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্র অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা গত ০২ আগস্ট ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ১৩৬৫৭ নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত 'আমতৈল' এর বিপরীতে ২নং কলামে বর্ণিত 'মোঃ শফিকুর রহমান, পিতা-আবুল মসুর আহম্মেদ, গ্রাম-সর্চাপুর' এর পরিবর্তে 'মোহাম্মদ আবদুল হান্নান, পিতা-মরহুম আছাদুল হক, গ্রাম-বাহির শিমুল (বীরবাহির)' এবং ৩নং কলামে বর্ণিত 'বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বি.এন.পি)' এর পরিবর্তে 'স্বতন্ত্র' শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২১৫১৩)

মূল্য : টাকা ৪.০০